

ন্যাশনাল আর্কাইভ ও লাইব্রেরীতে চুক্তিভিত্তিক নিয়োগ নিয়ে জটিলতা

বিনোদন রিপোর্ট : ন্যাশনাল আর্কাইভস ও লাইব্রেরীর স্বাভাবিক পরিবেশ এখন নষ্ট হচ্ছে বলে অভিযোগ রয়েছে। ঢাকার আগারগাঁও-এ স্থাপিত এই আর্কাইভে নিয়োগ নিয়ে এখন নানা জটিলতা চলছে। চুক্তিভিত্তিতে নিয়োগ পাওয়া আর্কাইভের পরিচালক প্রফেসর শরিফ উদ্দিন আহমেদ-এর আবারো চুক্তি মেয়াদ বাড়ানোর উদ্যোগ চলছে বলে জানা যায়। বিগত আওয়ামী লীগ সরকারের সময় তিনি ৩ বার চুক্তি বৃদ্ধির সুযোগ নেন। গত পাঁচ মার্চ তার তৃতীয় দফা চুক্তির মেয়াদ শেষ হলেও তিনি একই পদে কিভাবে বহাল আছেন তাই নিয়ে প্রশ্ন উঠেছে। ন্যাশনাল আর্কাইভস ও লাইব্রেরীর নানা ধরনের অনিয়মের সঙ্গে পরিচালকের চুক্তিভিত্তিক নিয়োগ শেষে যাবতীয় সুযোগ-সুবিধা ব্যবহার নিয়ে সংশ্লিষ্ট অঙ্গনে নানা গুঞ্জন উঠেছে। আর্কাইভসে বিগত সরকারের সময় তোষামোদকারী কর্মকর্তারা রাতারাতি বর্তমান সরকারের গুণকীর্তনে ব্যস্ত। আর্কাইভকে একটি জীবন্ত তথ্যভাণ্ডার হিসেবে গড়ে না তুলে নিজস্ব স্বার্থসিদ্ধির কাজে এই মহলটি লাগাচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। সংশ্লিষ্ট পরিচালক একজন প্রভাবশালী মন্ত্রীর আত্মীয় পরিচয় দিয়েও কর্মকর্তাদের উপর চাপ প্রয়োগ করেন। বিগত সরকারের সময়ও একই পরিচয়ে তিনি প্রভাব বিস্তার করতেন বলে জানা যায়। নানা তথ্যভাণ্ডারে ভরপুর জাতীয় আর্কাইভস ও লাইব্রেরীকে সাজানো উচিত বলে সংশ্লিষ্ট অনেকে মনে করেন।

নিয়মিত অফিস করছেন উজ্জ্বল

বিনোদন রিপোর্ট : বেশ কয়েক মাস অসুস্থ থাকার পর নায়ক উজ্জ্বল অফিস করা শুরু করেছেন। তিনি জানান, এই কয়েক মাস তার ব্যবসা প্রতিষ্ঠান খোলা থাকলেও ব্যবসায়িক লেনদেন বা কার্যক্রম বন্ধ রাখা হয়েছিল। এখন থেকে উজ্জ্বল প্রতিদিন দুপুরের পর অফিসে আসেন এবং রাত আটটা অবধি অফিস করেন। সম্প্রতি তার নতুন ছবি দুর্ধর্ষ সম্রাট ছবি থেকে সেপ্টেম্বর সনদপত্র বাতিলের আদেশ প্রত্যাহার করার পর এই ছবির ব্যবসা নতুন করে শুরু করেছেন।

রোমান্টিক গল্পগ্রন্থ লিখেছেন এসডি রুবেল

বিনোদন রিপোর্ট : সুদর্শন এবং জনপ্রিয় কণ্ঠশিল্পী এসডি রুবেল গল্প লিখছেন। বাস্তবধর্মী রোমান্টিক ধারার এই গল্পটি আগামী একক অ্যালবামের সঙ্গে একটি গ্রন্থাকারে প্রকাশিত হবে বলে জানিয়েছেন শিল্পী রুবেল। ইতোমধ্যে কয়েক পৃষ্ঠা লেখা সম্পন্ন করেছেন তিনি। আশা করা যায়, গল্পকার হিসেবেও ভক্তদের নজর কাড়বেন এসডি রুবেল। কারণ সংগীত চর্চার পাশাপাশি তিনি গান এবং কবিতা লেখেন নিয়মিত। তার অনেক ক্যাসেটেই তার লেখা কবিতা গান হয়ে এসেছে। এই প্রথমবারের মত একটি পূর্ণ গল্পগ্রন্থ লিখছেন তিনি। এর শিরোনাম এখনও ঠিক করা হয়নি। মাস দু'য়েকের মধ্যেই নতুন একক একটি অ্যালবাম এবং এই গল্পগ্রন্থটি প্রকাশনা উৎসবের মাধ্যমে বাজারে ছাড়া হবে বলে জানা গেছে।

যাদু সম্রাট পিসি সরকার জুনিয়র ঢাকা আসছেন

বিনোদন রিপোর্ট : জগতখ্যাত যাদু সম্রাট পিসি সরকার জুনিয়র দীর্ঘদিন পর বাংলাদেশে আসছেন। সম্প্রতি তাকে এ বিষয়ে আমন্ত্রণ জানানো হয়। যাদু শিল্পী প্রিন্স আলমগীর সম্প্রতি একটি সংগঠনের পক্ষে পিসি সরকারের সঙ্গে সাক্ষাৎ করে এই আমন্ত্রণ পত্র হস্তান্তর করেন। আগামী জানুয়ারী মাসে প্রথম সপ্তাহে তার ঢাকায় আসার কথা। এ সংক্রান্ত এক পত্রে তিনি বাংলাদেশে আসার দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন। টাঙ্গাইলে জন্মগ্রহণকারী যাদু সম্রাট পিসি সরকার জুনিয়র এখন বিশ্বব্যাপী অতি পরিচিতি ব্যক্তিত্ব। বাংলাদেশে তিনি ২০ দিন অবস্থান করবেন। এ সময় ঢাকা, চট্টগ্রাম এবং টাঙ্গাইলে যাদু প্রদর্শন করবেন। ৪০ সদস্যের এক বিশাল ইউনিট নিয়ে তার ঢাকায় আসার বিষয়টি এখন পাকাপাকি হয়ে আছে। ১৯৭৩ সালে তিনি সর্বশেষ বাংলাদেশে আসেন এবং যাদুর মাধ্যমে অগণিত দর্শকদের মন জয় করেন।